[redacted]

[redacted]

আটকা পড়েন তিনি।

পুলিশের দেওয়া তথ্যানুযায়ী, বৃহস্পতিবার দুপুর দেড়টার দিকে দর্শনা থানার ওসি নজরুল ইসলামের নেতৃত্বে এসআই সাইফুল ইসলাম গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে চুয়াডাঙ্গা বাসস্ট্যান্ড থেকে চণ্ডীপুরের তরিবত মন্ডলের ছেলে সিদ্দিক মেম্বারকে গ্রেফতার করেন।

এসআই সাইফুল ইসলাম জানান, সিদ্দিককে গ্রেফতারের পাশাপাশি তাঁর কাছ থেকে হাতকড়াটিও উদ্ধার করা হয়েছে।

এ ঘটনায় এসআই মোল্লা আরিফুল ইসলাম বাদী হয়ে দর্শনা থানায় মামলা দায়ের করেছেন। গ্রেফতারকৃতদের ওই মামলায় আদালতে সোপর্দ করা হয়েছে।

দর্শনা থানার ওসি নজরুল ইসলাম বলেন, ‘অপরাধী কখনোই পুলিশের চেয়ে শক্তিশালী নয়। তাই সিদ্দিককে ছিনিয়ে নিতে যারা সহযোগিতা করেছে, প্রত্যেককে আইনের আওতায় আনা হবে।’

ভারতে পালানোর সময় চেকপোস্টে যুবলীগ নেতা গ্রেফতার

ভারতে পালিয়ে যাওয়ার সময় রাজশাহীর তানোর উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক জুবায়ের ইসলামকে গ্রেফতার করেছে পুলিশ।

মঙ্গলবার (১৭ জুন) বেলা ১১টার দিকে চুয়াডাঙ্গার দর্শনা আন্তর্জাতিক চেকপোস্টে তিনি পাসপোর্ট নিয়ে ইমিগ্রেশনে উপস্থিত হলে সফটওয়্যারে তার বিরুদ্ধে একাধিক মামলা থাকার তথ্য পাওয়া যায়।

গ্রেফতার জুবায়ের ইসলাম (৫৮) রাজশাহীর তানোর উপজেলা সাদিপুরের মৃত আবু বাক্কারের ছেলে।

দর্শনা ইমিগ্রেশন পুলিশের টু-আইসি তারেক মাহমুদ জানান, চেকপোস্টে গমনেচ্ছু যাত্রীদের নিয়মিত তথ্য যাচাইয়ের সময় জুবায়ের

ইসলামের বিরুদ্ধে রাজশাহীর তানোর থানায় দুটি নিয়মিত মামলার তথ্য ধরা পড়ে। পরে তাকে দর্শনা থানায় হস্তান্তর করা হয়।

পুলিশের তথ্য অনুযায়ী, গত বছরের সেপ্টেম্বরে তানোর থানায় দায়ের হওয়া মামলাগুলোতে জুবায়ের ইসলামের বিরুদ্ধে সংঘর্ষ, হামলা, বিস্ফোরক দ্রব্য ব্যবহার, চাঁদাবাজি, ভয়ভীতি প্রদর্শনসহ একাধিক অভিযোগ রয়েছে। মামলা দুটি বর্তমানে তদন্তাধীন রয়েছে।